

২৪৩/সআমাক/২০২১

তারিখ: ১৬/০৩/২০২১

### নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা জামালপুর জেলার সদর উপজেলাধীন সরকারি আশেক মাহমুদ কলেজের পানাউল্লাহ আহম্মদ ছাত্রাবাসের সেমিপাকা ভবনের অকেজো, জরাজীর্ণ এবং ব্যবহার অযোগ্য মালামাল অপসারণের লক্ষ্যে যে অবস্থায় আছে নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ব্যবসায়ী/ প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে 'নিলাম দরপত্র' আহ্বান করা যাচ্ছে।

ক্রম	ভবনের উপকরণাদি	উপকরণাদির সংখ্যা/ পরিমাণ	মন্তব্য
০১	ইট	৬১,২২৬টি (প্রায়)	উল্লিখিত উপকরণাদির নীটমূল্য ভাঙা ও অপসারণ খরচ বাদে ১,৮৫,০০০/- (এক লক্ষ পঁচাশি হাজার টাকা) কম হওয়া বাঞ্ছনীয় নয়।
০২	এম এস রড/শীট	৩,৯০৬ কেজি (প্রায়)	
০৩	এমএস দরজা	১৫ টি	
০৪	কাঠের দরজা	২৫ টি	
০৫	কাঠের জানালা	৩৭ টি	

#### শর্তাবলি :

- (১) কেবল কলেজ কর্তৃক সরবরাহকৃত সিডিউলে নিলাম দরপত্রে অংশগ্রহণ করতে হবে।
- (২) নিলামে অংশগ্রহণকারীর হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি দরপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে।
- (৩) নিলামে অংশগ্রহণকারীর হালনাগাদ আয়কর পরিশোধ সনদের ফটোকপি দরপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে।
- (৪) নিলামে অংশগ্রহণকারীর ভ্যাট নিবন্ধন সনদের ফটোকপি দরপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে।
- (৫) নিলামে অংশগ্রহণকারীর এনআইডি'র সত্যায়িত ফটোকপি দরপত্র সিডিউলের সাথে জমা দিতে হবে।
- (৬) ২৩/০৩/২০২১ তারিখে দরদাতা প্রতিষ্ঠানের আর্থিক সচ্ছলতার প্রমাণ স্বরূপ ব্যাংক সলভেন্সি সনদ প্রদান করতে হবে।
- (৭) দরপত্র আগামী ১৬/০৩/২০২১ থেকে ২৩/০৩/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন কলেজের সাধারণ শাখা থেকে অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে পাওয়া যাবে।
- (৮) আগামী ২৪/০৩/২০২১ তারিখ দরপত্র দাতার সীলমোহরকৃত দরপত্র সকাল ১০:০০টা থেকে দুপুর ০১:০০টা পর্যন্ত অধ্যক্ষ মহোদয়ের কক্ষে রক্ষিত সীলমোহরকৃত বাক্সে ফেলতে হবে। ঐ দিনই দুপুর ০২:০০মি. এ দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।
- (৯) সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচনা করা হবে এবং তাঁকে বিবেচিত হওয়ার ০৩(তিন) দিনের মধ্যে সাকুল্য অর্থ বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর কলেজের সাধারণ শাখায় জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- (১০) সর্বোচ্চ দরপত্র দাতা নির্দিষ্ট তারিখের মধ্যে সাকুল্য অর্থ বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর প্রদানপূর্বক কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হলে পর্যায়েক্রমে ২য় এবং ৩য় দরপত্র দাতাকে কার্যাদেশ গ্রহণের জন্য আহ্বান জানানো হবে এবং তাঁদেরকেও বিধি মোতাবেক সাকুল্য অর্থ ও বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর ০৩ (তিন) দিনের মধ্যে প্রদানপূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- (১১) দরদাতাকে জামানত হিসেবে প্রদত্ত দরের ২০% (শতকরা বিশ) দরপত্র সিডিউলের সাথে অধ্যক্ষ, সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুরের অনুকূলে ডিডি বা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।
- (১২) এ নিয়মের ব্যত্যয় ঘটলে কলেজ কর্তৃপক্ষ উক্ত নিলাম বিজ্ঞপ্তি বাতিল বা পুনরায় নিলাম দরপত্র আহ্বান বা অন্য যে-কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
- (১৩) কলেজ কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

  
অধ্যক্ষ

সরকারি আশেক মাহমুদ কলেজ  
জামালপুর